

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শৃঙ্খলা বিষয়ক শাখা
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৯৫.২৭.০০১.২০২৩. 200


তারিখ: ০৩ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ
১৭ মে ২০২৩ খ্রিষ্টাব্দ

অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব মো: আহসান উল্যাহ চৌধুরী, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শাহরাস্তি, চাঁদপুর কর্তৃক বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীন ২০২২ সালের এইচএসসি (বিএম) এর বাংলা-২ পরীক্ষায় চাঁদপুর জেলাধীন শাহরাস্তি উপজেলার চিতোষী আর.এম.উচ্চ বিদ্যালয় কেন্দ্রে 'ক' সেটের পরিবর্তে 'খ' সেটে পরীক্ষা গ্রহণ করার বিষয়ে জেলা প্রশাসক, চাঁদপুর থেকে তদন্ত প্রতিবেদন পাওয়া গিয়েছে। জেলা প্রশাসকের প্রতিবেদন অনুযায়ী জনাব মো: আহসান উল্যাহ চৌধুরীর, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শাহরাস্তি এর পাবলিক পরীক্ষার মত গুরুত্বপূর্ণ বিষয়ে দায়িত্ব ও কর্তব্য পালনের অবহেলার অভিযোগ প্রমাণিত হয়েছে;

যেহেতু, প্রজাতন্ত্রের একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক "অসদাচরণ" অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, উপর্যুক্ত অপরাধে আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক "অসদাচরণ" এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী কেন আপনার উপর "চাকরি হতে বরখাস্তকরণ" অথবা অন্য কোন উপযুক্ত দন্ড প্রদান করা হবে না তা এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য বলা হলো। আত্মপক্ষ সমর্থনে আপনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কিনা তাও নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য অনুরোধ করা হলো। যে অভিযোগ বিবরণীর উপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণীত হয়েছে তা এ সাথে সংযুক্ত করা হলো।


(সোলেমান খান)
সচিব

সংযুক্তি: অভিযোগবিবরণী।

স্থায়ী ঠিকানা:

জনাব মো: আহসান উল্যাহ চৌধুরী
গ্রাম: লাল চাঁদপুর, উপজেলা: মনোহরগঞ্জ, জেলা: কুমিল্লা।

বর্তমান কর্মস্থল:

জনাব মো: আহসান উল্যাহ চৌধুরী
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চাটখিল, নোয়াখালী।

অনুলিপি:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

অভিযোগবিবরণী

জনাব মো: আহসান উল্যাহ চৌধুরী, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শাহরাস্তি, চাঁদপুর কর্তৃক বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীন ২০২২ সালের এইচএসসি (বিএম) এর বাংলা-২ পরীক্ষায় চাঁদপুর জেলাধীন শাহরাস্তি উপজেলার চিতৌষী আর.এম.উচ্চ বিদ্যালয় কেন্দ্রে 'ক' সেটের পরিবর্তে 'খ' সেটে পরীক্ষা গ্রহণ করার বিষয়ে জেলা প্রশাসক, চাঁদপুর থেকে তদন্ত প্রতিবেদন পাওয়া গিয়েছে। জেলা প্রশাসকের প্রতিবেদন অনুযায়ী জনাব মো: আহসান উল্যাহ চৌধুরীর, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শাহরাস্তি এর পাবলিক পরীক্ষার মত গুরুত্বপূর্ণ বিষয়ে দায়িত্ব ও কর্তব্য পালনের অবহেলার অভিযোগ প্রমাণিত হয়;

জনাব মো: আহসান উল্যাহ চৌধুরী, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শাহরাস্তি, চাঁদপুর এর উক্তরূপ কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক "অসদাচরণ" এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ।

(সোলেমান খান)
সচিব